

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

রবিবার, নভেম্বর ১৮, ২০০৭

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়
বিজ্ঞপ্তি

তারিখ, ০১ অগ্রহায়ণ ১৪১৪ বাৎ/১৫ নভেম্বর ২০০৭ খ্রিঃ

নং ৩৩ (মুঃ প্রঃ)।—গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের রাষ্ট্রপতি কর্তৃক ২৮ কার্তিক, ১৪১৪ বাৎ/ ১২ নভেম্বর, ২০০৭ খ্রিঃ তারিখে প্রণীত নিম্নে উল্লেখিত অধ্যাদেশটি এতদ্বারা জনসাধারণের জ্ঞাতার্থে প্রকাশ করা হইল।

২০০৭ সনের ৩৩ নং অধ্যাদেশ

ইপিজেড শ্রমিক সংঘ ও শিল্প সম্পর্ক আইন, ২০০৪ এর সংশোধনকল্পে প্রণীত

অধ্যাদেশ

যেহেতু ইপিজেড শ্রমিক সংঘ ও শিল্প সম্পর্ক আইন, ২০০৪ (২০০৪ সনের ২৩ নং আইন) এর সংশোধন সমীচীন ও প্রয়োজনীয়;

যেহেতু সংসদ ভাঙ্গিয়া যাওয়া অবস্থায় রহিয়াছে এবং রাষ্ট্রপতির নিকট ইহা সন্তোষজনকভাবে প্রতীয়মান হইয়াছে যে, আশু ব্যবস্থা গ্রহণের জন্য প্রয়োজনীয় পরিস্থিতি বিদ্যমান রহিয়াছে;

(৮৩৬৭)

মূল্য : টাকা ২.০০

সেহেতু গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধানের অনুচ্ছেদ ৯৩ এর দফা (১) এ প্রদত্ত ক্ষমতাবলে
রাষ্ট্রপতি এতদ্বারা নিম্নরূপ অধ্যাদেশ প্রণয়ন ও জারী করিলেন :—

১। সংক্ষিপ্ত শিরোনাম ও প্রবর্তন।—(১) এই অধ্যাদেশ ইপিজেড শ্রমিক সংঘ ও শিল্প সম্পর্ক
(সংশোধন) অধ্যাদেশ, ২০০৭ নামে অভিহিত হইবে।

(২) ইহা অবিলম্বে কার্যকর হইবে।

২। ২০০৪ সনের ২৩ নং আইন এর ধারা ১৩ এর সংশোধন।—ইপিজেড শ্রমিক সংঘ ও শিল্প
সম্পর্ক আইন, ২০০৪ (২০০৪ সনের ২৩ নং আইন) এর ধারা ১৩ এর উপ-ধারা (৩) এর “২০০৮”
সংখ্যার পরিবর্তে “২০১০” সংখ্যা প্রতিস্থাপিত হইবে।

তারিখ : ২৮-০৭-১৪১৪ বঙ্গাব্দ
১২-১১-২০০৭ খ্রিস্টাব্দ

প্রফেসর ড. ইয়াজউদ্দীন আহম্মেদ
রাষ্ট্রপতি
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ।

কাজী হাবিবুল আউয়াল
ভারপ্রাপ্ত সচিব।

এ, কে, এম রফিকুল ইসলাম (উপ-সচিব), উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ সরকারি মুদ্রণালয়, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ আখতার হোসেন (উপ-সচিব), উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত।